

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন বিষয়ক ২য় সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মোঃ সহিদউল্লাহ অতিরিক্ত সচিব (সিপিটি অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়
সভার তারিখ	২৯ ডিসেম্বর ২০২১
সভার সময়	দুপুর ২.৩০ ঘটিকা।
স্থান	অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের কক্ষ (ভবন নং-০৩, কক্ষ নং-১০১) জনপ্রশাসন মন্ত্রণালয়
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন, সরকারি কাজে ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবনী ধারণা প্রয়োগের মাধ্যমে সেবার গুণগত মানোন্নয়নে সরকার আন্তরিক। সে কারণে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বিষয়টি আবশ্যিক কর্মকাণ্ড হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। কর্মকর্তাদের সৃজনশীলতা এবং আগ্রহের কারণে বিভিন্ন সেক্টরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রম চলমান আছে। জনপ্রশাসন মন্ত্রণালয়েও উদ্ভাবনী কার্যক্রমকে উৎসাহ প্রদানের লক্ষ্যে কর্তৃপক্ষ পর্যাপ্ত সহায়তা প্রদান করছে। এ মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপনের জন্য তিনি সিপি-৩ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে আহ্বান জানান।

০৩। সিপি-৩ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের নিজস্ব সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। তিনি কর্মপরিকল্পনার প্রতিটি সূচকের বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। তিনি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজীকরণ, সেবা ডিজিটাইজেশন, ওয়েবসাইটের সেবা বন্ধ হালনাগাদকরণ, মন্ত্রণালয়ের বিভিন্ন প্রকাশনা ওয়েবসাইটে প্রকাশ, ই-ফাইলে নথি নিষ্পত্তি, সভা, প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন প্রভৃতি সংক্রান্ত গ্রহীত কার্যক্রম ও অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে এ ত্রৈমাসিক পর্যন্ত সবগুলো সূচকেই লক্ষমাত্রা অনুসারে অর্জন করা হয়েছে। অবশিষ্ট সূচকগুলি যথাসময়ে অর্জনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উপস্থিত সদস্যগণ কর্মপরিকল্পনার বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন।

০৫। সভাপতি অবশিষ্ট লক্ষমাত্রা নির্ধারিত সময়ের পূর্বেই যাতে অর্জন করা যায় সে লক্ষ্যে কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন এবং সেবা সহজীকরণের কার্যক্রম এগিয়ে নেওয়ার জন্য তিনি ইনোভেশন টিমকে অনুরোধ জানান। মাঠ-পর্যায়ে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার শো-কেসিং আয়োজনের কার্যক্রম গ্রহণের জন্যও তিনি নির্দেশনা প্রদান করেন।

০৬। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সূচক অনুযায়ী সকল লক্ষমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনে সচেষ্ট থাকতে হবে।

(খ) মাঠ-পর্যায়ে উদ্ভাবনী উদ্যোগ উৎসাহিত করতে এবং সরকারি সেবায় উদ্ভাবনী কার্যক্রমের সুফল সেবাগ্রহীতাদের পৌঁছে দেওয়ার লক্ষ্যে বিভাগীয় পর্যায়ে ইনোভেশন শোকেসিং আয়োজন করতে হবে।

(গ) কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৭। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোঃ সহিদউল্লাহ
অতিরিক্ত সচিব (সিপিটি অনুভাগ),
জনপ্রশাসন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০১.০০৪.২১.১৩৩

তারিখ: ১৪ পৌষ ১৪২৮
২৯ ডিসেম্বর ২০২১

সদয় অবগিত ও কার্যার্থে জন্য প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২) উপসচিব, প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) উপসচিব, সওব্দ্য-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) উপসচিব, শৃঙ্খলা-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৬) উপসচিব, প্রেষণ-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) উপসচিব, বাবাকো শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৮) উপসচিব, আইন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (কার্যবিবরণীটি সেবা বক্সে আপলোডের অনুরোধসহ)
- ১০) ব্যক্তিগত কর্মকর্তা, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১১) সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্ম সচিব (সিপি) মহোদয়ের সদয় অবগতির জন্য)

মোরীন করিম
সিনিয়র সহকারী সচিব